দৈনিক ইত্তেফাক

17 APR 2008

# জাবিতে ছাত্রলীগের দুই গ্রুপের মারামারি ॥ আহত ২০

॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে মঙ্গলবার গভীর রাতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দু গ্রুপের সংঘর্ষে ক্যাম্পাস রণক্ষেত্রে পরিণত হয়। এসময় সালাম বরকত হলের শরীফ গ্রুপের দফায় দফায় হামলায় আল বেরুনী হলের সাধারণ শিক্ষার্থীসহ কমপক্ষে ২০ জন ছাত্রলীগ নেতাকর্মী আহত হয়। হামলায় হলের

আহতদের সাভারের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গেছে, শনিবার ছাত্রলীগ নেতা জয় শরীফ গ্রুপের কর্মী রাজুর নেতৃত্বে ছাত্রলীগের নেতা-কর্মীরা আল বেরুনী (বর্ধিত) হলে থেকে ছাত্রলীগের অপর গ্রুপের নেতা মিন্টুকে পিটিয়ে বের করে দেয়। পরে মিন্টু ছাত্রলীগের প্রভাবশালী গ্রুপের নেতা অয়নের সঙ্গে সখ্যতা গড়ে তুলে মঙ্গলবার রাতে হলে

বের হয়ে সালাম বরকত হলে আশ্রয় নেয়। তখন রাজু ছাত্রলীগ নেতা শরীফ গ্রুপের সহযোগিতায় সুমন, চয়ন, ভাস্কর, জনি, পারভেজ, মহির নেতৃত্বে আল বেরুনী বর্ধিত ভবনে হামলা চালায়। শরিফ গ্রুপের নেতা-কর্মীরা এ সময় রড, লাঠি, হকিস্টিক, রামদা নিয়ে হলের সাধারণ শিক্ষার্থীসহ ছাত্রলীগ নেতাদের ওপর হামলা চালালে ছাত্রলীগ নেতা ফাহাদ, আসাদ, মাহবুব, মিন্টু, রাকিব,